ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

7 December 2025 7:45 PM IST

==========================================================================

১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আজ শিলচর বরাক নদীর উপর বহু প্রত্যাশিত মধুরাঘাট সেতুর শিলান্যাস ।

২) উধারবন্দে ১৫ হাজার ৩শো ১ জন স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের মধ্যে মুখ্যমন্ত্রীর উদ্যমীতা প্রকল্পের চেক বিতরণ ।

৩) হাইলাকান্দির আশুদাস এবং শ্রীভূমি জেলার সুভাষ চন্দ্র সিনহা সহ রাজ্যের ১৮ জন সাহিত্যিককে সাহিত্য পুরস্কার এবং ১০ জনকে সাহিত্য পেন্সন প্রদান ।

৪) অধ্যাপক ধ্রুব কুমার ভট্টাচার্যর তেজপুর বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য হিসেবে আজ আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ শিলচর বরাক নদীর উপর বহু প্রত্যাশিত মধুরাঘাট সেতুর শিলান্যাস করেছেন । উল্লেখ্য যে এই সেতু নির্মানের কাজ সম্পূর্ণ হলে বৃহত্তর দুধপাতিল সহ পার্শবর্তী বিভিন্ন অঞ্চলের মধ্যে আন্ত:জেলা যাতায়াত ব্যবস্থা আরো সুচল হয়ে ওঠবে । শিলান্যাস কার্যসূচি সম্পন্ন করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা সাংবাদিকদের বলেন যে আজ শিলচরের জন্য একটি ঐতিহাসিক দিন । তিনি জানান যে মধুরাঘাট সেতু নির্মানের জন্য ৮০ কোটি টাকা ধার্য করা হয়েছে এবং আগামী ২ বছরের মধ্যে এই সেতু নির্মানের কাজ সম্পূর্ণ হবে । কাছাড় জেলায় বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্পের কাজ অব্যাহত রয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে শিলঘাট সেতুর কাজ ইতিমধ্যেই ৫০ শতাংশ সম্পন্ন হয়েছে এবং করাতিগ্রাম সেতু নির্মানের কাজ খুব শীঘ্রই সম্পূর্ণ হবে ।

বাইট

এর জনসাধারণের সহযোগিতা থাকলে ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখাড়ি পর্যন্ত এলিভেটেড করিডোর অথবা ফ্লাইঅভার নির্মানের কাজ আগামী জানুয়ারী মাস থেকে আরম্ভ করা হবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন

বাইট

এর পর মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ উধারবন্দ ডি এন এইচ এস স্কুলের খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে ১৫ হাজার ৩শো ১ জন স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের মধ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে ১০ হাজার টাকা করে চেক বিতরণ করেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে তিনি বলেন যে সরকার রাজ্যের ৪০ লক্ষ মহিলাকে লাখপতি দিদি হিসেবে গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করেছে । এর মাধ্যমে গ্রামীন অর্থনীতি সাবলীকরণের পথ প্রসস্ত হবে বলে তিনি উল্লেখ করেন

বাইট

এর আগে মুখ্যমন্ত্রী শিলচর পুলিশ অতিথিশালায় বৃক্ষ রূপন কার্যসূচির সূচনা করেন ।

---

বিশিষ্ট সাহিত্যিক , সাংবাদিক হোমেন বরগোঁহাইর জন্মবার্ষিকী উদযাপনের সঙ্গে সঙ্গতি রেখে আজ গুয়াহাটীর কটন বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যের ১৮ জন সাহিত্যিককে সাহিত্য পুরস্কার এবং ১০ জন সাহিত্যিককে সাহিত্য পেনশন প্রদান করা হয় । শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু বিশিষ্ট সাহিত্যিকদের হাতে পুরস্কার তুলে দেন । কথাশিল্পী হোমেন বরগোঁহাইর প্রতি শ্রদ্ধা জানিয়ে শ্রী পেগু তাঁর আদর্শ রাজ্যের নব প্রজন্মকে সাহিত্য চর্চার ক্ষেত্রে আজও অনুপ্রাণিত করে বলে মন্তব্য করেন ।অনুষ্ঠানে হাইলাকান্দির বিশিষ্ট সাহিত্যিক আশুতোষ দাস এবং শ্রীভূমি জেলার রাতাবাড়ীর সুভাষ চন্দ্র সিনহা সহ মোট ১৮ জন সাহিত্যিককে সাহিত্য পুরস্কার প্রদান করা হয়েছে ।সাহিত্য পুরস্কার প্রাপকদের মধ্যে আরও যারা রয়েছেন তারা হলেন ফণীন্দ্র কুমার দেবচৌধুরী , ডঃ সূর্যকান্ত হাজারিকা , কীশোরী মোহন দাস , অপর্ণা কোয়র , আশুতোষ দাস প্রমুখ ।এছাড়া ১০ জন সাহিত্যিককে সাহিত্য পেনশন প্রদান করা হয়েছে । সাহিত্য পুরস্কার প্রাপকদের পুরস্কার সহ ৫০ হাজার টাকা করে প্রদান করা হয় এবং সাহিত্য পেনশন প্রাপকরা প্রতিমাসে ৮ হাজার টাকা করে লাভ করবেন । সাহিত্য চর্চা করে চলেছেন ।

উল্লেখ্য- হাইলাকান্দি শহরের অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক এবং কবি, লেখক, নাট্যকার আশুতোষ দাস বিগত শতকের সত্তরের দশক থেকে সাহিত্য চর্চা করে চলেছেন । তার লেখা কবিতা, গল্প ইংরেজী, হিন্দি অসমীয়া ছাড়াও

অন্যান্য প্রতিবেশী ভাষায় অনুদিত হয়েছে। শিলচর আকাশবাণী কেন্দ্র থেকে তার লেখা নাটক শ্রেষ্ঠ পুরস্কার লাভ করে । আসামের প্রথম বিনোদনমূলক কাহিনী চিত্র ‘পারদর্শিনী’র কাহিনী এবং সঙ্গীতের তিনি রচয়িতা । এছাড়া সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে তিনি অনবদ্য অবদান রেখে চলেছেন ।

এদিকে শ্রীভূমি জেলার রাতাবাড়ী থানার অর্ন্তগত পাঁচডালি গ্রামের অবসরপ্রাপ্ত শিক্ষক ও লেখক সুভাষ চন্দ্র সিন্‌হা এপর্যন্ত সাতটি বই রচনা করেছেন । তার প্রকাশিত বইয়ের তালিকায় জীবনীমূলক গ্রন্থের সংখ্যা বেশি ।

---

আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার বিশেষ তদন্তকারী শাখা জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে আগামী ১২ ডিসেম্বর আদালতে অভিযোগনামা দাখিলের জন্য চূড়ান্ত প্রস্তুতি অব্যাহত রেখেছে । যদিও অভিযোগনামা দাখিলের নির্ধারিত সময়সীমা আগামী ১৮ ডিসেম্বর তবে এই সময়সীমার ৬ দিন আগেই তা পেশ করা হবে । বিশেষ তদন্তকারী শাখার প্রধান তথা বিশেষ সঞ্চালক প্রধান মুন্ন প্রসাদ গুপ্তা সাংবাদিকদের এ কথা জানিয়ে বলেছেন যে তদন্ত প্রক্রিয়া প্রায় শেষ পর্যায়ে উপনীত হয়েছে এবং এ পর্যন্ত শতাধিক লোকের সাক্ষ্য গ্রহণ করা হয়েছে । জুবিন গার্গরে মৃত্যুর ঘটনা সম্পর্কে সি আই ডিতে রুজু হওয়া ১৮ বাই ২০২৫ মামলাটি আদালতে পেশ করা হবে বলেও তিনি উল্লেখ করেন ।

---

রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের মন্ত্রী রঞ্জিত কুমার দাস আজ হাইলাকান্দি জেলার গ্রাম উন্নয়ন প্রকল্পগুলি সরজোমিনে পরিদর্শন করে জেলা প্রশাসনের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে

জানানো হয় যে জেলায় এপর্য্যন্ত প্রধানমন্ত্রী আবাস যোজনার ৮২ হাজার ঘর নির্মানের কাজ চলছে । এছাড়া আগামী ৯ই ডিসেম্বর জেলায় আরো ২২ হাজার দুশটি আবাস যোজনার ঘর নির্মানের জন্য অনুমোদন জানানো হবে ।

পরে মন্ত্রী আলগাপুর খন্ড উন্নয়ন আধিকারীকের কার্য্যলয় পরিদর্শন করে বিভাগীয় আধিকারীক ও পঞ্চায়েত প্রতিনিধিদের সঙ্গে অনুরূপ এক বৈঠকে মিলিত হয়েছেন ।

বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী শ্রীদাস

জানান যে আগামী বছরের প্রথম মাসেই মূখ্যমন্ত্রী আরো তিন লক্ষ ঘর গৃহহীন পরিবারকে প্রদান করবেন । পরে মন্ত্রী শ্রীদাস কাটলিছড়া খন্ড উন্নয়ন আধিকারীকের কার্য্যলয় পরিদর্শন করে জেলা স্তরের একটি পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন ।

---

অধ্যাপক ধ্রুব কুমার ভট্টাচার্য তেজপুর বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য হিসেবে আজ আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ করেছেন । বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শম্ভুনাথ সিং-এর বিরুদ্ধে উত্থাপিত বিভিন্ন অনিয়মের পরিপ্রক্ষিতে গত প্রায় আড়াই মাস থেকে বিশ্ববিদ্যালয়ে সৃষ্টি হওয়া অচলাবস্থার প্রতি লক্ষ্য রেখে অধ্যাপক ধ্রুব কুমার ভট্টাচার্যকে ভারপ্রাপ্ত উপাচার্য হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে । ১৯শো ৯৩ সালের তেজপুর বিশ্ববিদ্যালয়ের আইনের ২ নম্বর অনুচ্ছেদের ৬ নম্বর ধারা অনুসারে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ১ মাসের অধিক দায়িত্ব থেকে দূরে থাকার পরিপ্রক্ষিতে প্রবীন অধ্যাপক ধ্রুব কুমার ভট্টাচার্যকে ভারপ্রাপ্ত উপাচার্য হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে ।

---

আসামে ২০২৪ সালে ৪১ হাজার ৭১৩ জন লোকের দেহে কর্কট রোগের সংক্রমণ ধরা পরেছে । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের পক্ষ থেকে এই তথ্য জানানো হয়েছে ।লোকসভার চলতি শীতকালীন অধিবেশনে কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব জানান যে ২০২৪ সালে আসামে ৪১ হাজার ৭১৩ জন কর্কট রোগে আক্রান্ত হয়েছেন । ২০23 সালেও আসামে অনুমানিক ৪০ হাজারেরও বেশী লোক এই রোগে আক্রান্ত হয়েছে ।ভারতীয় চিকিৎসা গবেষণা পরিষদের জাতীয় কর্কট রোগ পঞ্জীয়ন প্রকল্পের তথ্যের উদ্ধৃতি দিয়ে স্বাস্থ্য মন্ত্রনালয় জানিয়েছে যে আসামে বছরে গড়ে প্রায় ৪০ হাজার লোক মুখের ক্যান্সারে আক্রান্ত হন । রাজ্য সরকার এই রোগ প্রতিরোধের জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে । জরাইয়ুর ক্যান্সার সনাক্ত করার জন্য স্বাস্থ্য বিভাগ সার্ভিকেল ক্যান্সার স্ক্রিনিং শিবিরের আয়োজন করছে ।

---

২০২৫ সালের উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় ৮০ শতাংশ বা ততোধিক নম্বর লাভ করা ছাত্র-ছাত্রীদের আগামীকাল ডক্টর বাণীকান্ত কাকতি মেধা পুরষ্কার প্রকল্পের অধীনে স্কুটার বিতরণ করা হবে । এই পুরষ্কার লাভ করা ১১ হাজার ২শো ৫০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৬ হাজার ৮শো ৬০ জান ছাত্রী এবং ৪ হাজার ৩শো ৯০ জন ছাত্র রয়েছে । গৌহাটি পাঞ্জাবারী শ্রমন্ত শংকরদেব কলাক্ষেত্রে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু উপস্থিত থাকবেন । উল্লেখ্য যে মুখ্যমন্ত্রীর নিযুত মইনা প্রকল্পের সুবিধা লাভ করা ছার-ছাত্রীদের এই পুরষ্কার প্রদান করা হবে না ।

---

গুরুচরন বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এবং ভারতীয় সশস্ত্র বাহিনীর সহযোগীতায় আজ বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে সশস্ত্র বাহিনীর বীরত্ব ও আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানিয়ে সশস্ত্র বাহিনী পতাকা দিবস উদযাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্টানে  থার্ড আসাম ব্যাটেলিয়ান এন সি সির প্রশাসনিক কর্মকর্তা লেফটেন্যান্ট কর্নেল সৌরভ চামোলি জাতীয় নিরাপত্তা রক্ষায় ভারতীয় সশস্ত্র বাহিনীর অবদানের কথা তুলে ধরে নতুন প্রজন্মকে এন সি সি প্রশিক্ষনে নিহিত শৃংখলা ও দেশপ্রেম থেকে প্রেরণা নেওয়ার আহ্বান জানিয়েছেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উপাচার্য্য অধ্যাপক নিরঞ্জন রায় সশস্ত্র বাহিনীর সদস্য , শহীদ ও বীর যোদ্ধাদের সাহস ও নিষ্ঠার প্রশংসা করেন । সশস্ত্র বাহিনীর পতাকা দিবসকে কেন্দ্র করে একটি ভিডিওগ্রাফি ও কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে ।

---

বীণাচ্ছন্দম সঙ্গীত মহাবিদ্যালয় শিলচরের ৪০ তম বর্ষপূর্তী উপলক্ষে আগামী ২৫ শে ডিসেম্বর সন্ধ্যা ৫ টা থেকে শিলচর বঙ্গভবনে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।এতে কথক নৃত্যের ওপর আধারিত এক বিশেষ নৃত্যানুষ্ঠান ‘কথা কহে সো কথক ’ , নৃত্যালেখ্য ঐক্য’ সহ তবলা লহড়া , সঙ্গীতানুষ্ঠান ইত্যাদির আয়োজন করা হয়েছে ।এ উপলক্ষে আজ শিলচরে এক সাংবাদিক সম্মেলনে বীণাচ্ছন্দমের অধ্যক্ষ নৃত্যগুরু দেবোতোষ নাথ জানান যে এই প্রতিষ্ঠান দীর্ঘ ৪০ বছর যাবৎ কত্থক নৃত্যের প্রচার ও প্রসারে নিরলসভাবে কাজ করে যাচ্ছে ।সাংবাদিক সম্মেলনে অধ্যক্ষ শ্রী নাথ সহ দীপক নাথ , ভাষ্কর দাস ,দিব্যজ্যোতি নাথ ,সঙ্গীতা দত্ত , প্রমুখ উপস্থিত ছিলেন ।